

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

গণবিজ্ঞপ্তি নং-০৮ (২০১৫-২০১৮)/আমদানি; তারিখ: ২৪/০৮/২০১৬ খ্রি:
(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৫৮) এস, আর, ও নং ২৬৩-আইন/২০১৬ জারির তারিখ হইতে দুই মাস পর্যন্ত স্থগিত করার প্রেক্ষিতে ভোজ্য লবণ উৎপাদনের জন্য ৭৫,০০০ (পাঁচাত্তর হাজার) মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) এবং শিল্প লবণ হিসাবে ব্যবহৃত সাধারণ লবণ উৎপাদনের জন্য ৭৫,০০০ (পাঁচাত্তর হাজার) মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) সর্বমোট ৭৫,০০০+৭৫,০০০=১.৫ লক্ষ মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) নিম্নলিখিত শর্তে আমদানিযোগ্য করা হইলঃ

শর্তাবলীঃ

- (১) ২০১৬ সালে শিল্পলবণ/ভোজ্য লবণ উৎপাদনের জন্য ক্রুড/বোল্ডার লবণ আমদানি করিতে ইচ্ছুক লবণ মিল মালিকগণকে প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে গণবিজ্ঞপ্তি জারির দিন হইতে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনপত্র দাখিল করিতে হইবে।
- (২) আবেদনপত্রের সহিত ২০১৬-২০১৭ অর্থ বৎসরের নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) ও প্রধান নিয়ন্ত্রকের বরাবরে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত এবং ভোজ্য লবণ উৎপাদনের ক্ষেত্রে বিগত বছরের আয়োডিন উত্তোলনের প্রমাণক দাখিল করিতে হইবে।
- (৩) আবেদনকারী লবণ শিল্প মালিকগণের সচল নিজস্ব রিফাইনারীর ব্যবস্থা আছে, সেই বিষয়ে শিল্প মন্ত্রণালয়/বিসিক এর প্রমাণক দাখিল করিতে হইবে।
- (৪) লবণ আমদানির বিষয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করিয়া শিল্প লবণের ক্ষেত্রে একজন লবণ মিল মালিক সর্বোচ্চ কত মেট্রিক টন আমদানি করিতে পারিবে তাহা প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এতদসংক্রান্ত গঠিত কমিটির মাধ্যমে নির্ধারণ করিবে।
- (৫) ভোজ্য লবণ উৎপাদনের জন্য ক্রুড/বোল্ডার লবণ আমদানির ক্ষেত্রে যাচাই-বাছাইকৃত গ্রহণযোগ্য আবেদনসমূহের মধ্যে সমহারে লবণ আমদানির অনুমতি পত্র জারির ব্যবস্থা গৃহীত হইবে। এই ক্ষেত্রে গ্রহণযোগ্য/উপযুক্ত আবেদনকারীর সংখ্যা ২০০ (দুইশত) এর অধিক হইলে সেই ক্ষেত্রে এই বিষয়ে গঠিত কমিটি তাহাদের সিদ্ধান্ত মোতাবেক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।
- (৬) প্রধান নিয়ন্ত্রক কর্তৃক এলসি খুলিবার অনুমতি পত্র পাওয়ার পর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আমদানিকারকগণ ঋণপত্র (এলসি) খুলিতে পারিবেন।
- (৭) ঋণপত্র খুলিবার পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে আমদানিকারককে ঋণপত্রের কপিসহ প্রয়োজনীয় সকল তথ্য (আইআরসি, প্রোফরমা ইনভয়েস, এলসিএ ফরম ও ঋণপত্রের কপি) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করিতে হইবে।
- (৮) ঋণপত্র খুলিবার ৩০(ত্রিশ) দিনের মধ্যে কোন প্রকার ব্যত্যয় না ঘটাইয়া লবণ জাহাজীকরণ করিতে হইবে।
- (৯) প্রতিদিনকার লবণ আমদানির ঋণপত্রের তথ্য বাংলাদেশ ব্যাংক সংগ্রহ করিয়া প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করিবে।
- (১০) আমদানিকৃত ক্রুড/বোল্ডার লবণ নিজস্ব শিল্প কারখানায় কঁচামাল হিসাবে ব্যবহার করিতে হইবে। কোন অবস্থাতেই অন্য কোনভাবে ব্যবহার বা বিক্রয় করা যাইবে না।
- (১১) বিসিক এর সুপারিশের ভিত্তিতে লবণ প্রস্তুতকারী প্রতিষ্ঠান ক্রুড/বোল্ডার লবণ আমদানি ও পরিশোধনের পর বাজারজাত সম্পন্ন করিবার প্রমাণ দাখিলের পর দাখিলকৃত জামানত অবমুক্ত করা হইবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে:

- (১) ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) এর কপি;
- (২) হালনাগাদ (২০১৬-২০১৭ অর্থবছর) ট্রেড লাইসেন্সের কপি;
- (৩) শিল্প ও বণিক সমিতির হালনাগাদ (২০১৬-২০১৭ অর্থবছর) সদস্য সনদপত্রের কপি;
- (৪) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের কপি;
- (৫) আবেদনকারী লবণ শিল্প মালিকগণের সচল নিজস্ব রিফাইনারীর ব্যবস্থা আছে, সেই বিষয়ে শিল্প মন্ত্রণালয়/বিসিক এর প্রমাণক;
- (৬) ভোজ্য লবণ উৎপাদনের জন্য অপরিশোধিত লবণ উৎপাদনের ক্ষেত্রে বিগত বছরের (২০১৫-২০১৬ অর্থবছর) আয়োডিন উত্তোলনের প্রমাণক;
- (৭) নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা বরাবরে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার)।

(নন্দন কুমার বনিক)
উপ-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।

ফোনঃ ৯৫৫২৩৭৩।

controller.chief@yahoo.com